**NYC**
**Department for the Aging**





# সংযুক্ত হন।
# সক্রিয় থাকুন।
# স্বাস্থ্যবান হন।



**আমাদের সাথে যোগাযোগ করুন**
212-AGING-NYC

# মিশন এবং উদ্দেশ্য

**নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং (New York City Department for the Aging, NYC এজিং) বয়সভিত্তিক বৈষম্য নির্মূল করতে এবং বৈচিত্র্যময় বয়স্ক ব্যক্তিদের মর্যাদা ও জীবনযাত্রার মান নিশ্চিত করতে, এবং সেবা, অ্যাডভোকেসি, এবং শিক্ষার মাধ্যমে তাদের কেয়ারগিভারদের সমর্থনের জন্য কাজ করে।**

বয়স্ক ব্যক্তিদের কেন্দ্র, প্রাকৃতিকভাবে সৃষ্ট অবসর সম্প্রদায়, কেস ব্যবস্থাপনা এবং হোম কেয়ার এজেন্সিসমূহের মাধ্যমে সেবাদান করার জন্য NYC এজিং স্থানীয় সংগঠনসমূহের সাথে অংশীদারিত্ব করে। এছাড়াও রয়েছে বাড়িতে খাবার পৌঁছে দেওয়ার কর্মসূচি, কেয়ারগিভার সমর্থন কর্মসূচি, মানসিক স্বাস্থ্য কর্মসূচি, পরিবহন এবং প্রত্যেক বরোতে ইত্যাদি আরো অনেক কিছু।

এছাড়াও NYC এজিং স্বেচ্ছাসেবক সংস্থান প্রদান করে এবং তাদের বয়স্ক প্রাপ্ত বয়স্কদের চাকরি সেবা ইউনিট (Older Adult Employment Services Unit), বয়স্কদের ন্যায়বিচার ইউনিট (Elder Justice Unit), গ্র্যান্ডপ্যারেন্ট সংস্থান কেন্দ্র (Grandparent Resource Center), ফস্টার গ্র্যান্ডপ্যারেন্ট কর্মসূচি (Foster Grandparent Program), বিল পরিশোধকারী কর্মসূচি (Bill Payer Program) ইত্যাদি রয়েছে।

## বয়স্ক ব্যক্তিদের কেন্দ্র (OAC)

নিউ ইয়র্ক সিটিতে 300 এর বেশি বয়স্ক ব্যক্তিদের কেন্দ্র (Older Adult Centers, OAC) রয়েছে এবং 60 বা তার বেশি বছর বয়সীদের জন্য সদস্যপদ বিনামূল্যের হয়ে থাকে। বয়স্ক নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও বিনোদন সমর্থন করার জন্য প্রত্যেক কেন্দ্র বিভিন্ন ধরনের কর্মকাণ্ড ও সেবা প্রদান করে। এর মধ্যে আছে:

- সমবেত হয়ে আহার; কেন্দ্রগুলি সাংস্কৃতিকভাবে মানানসই, পুষ্টিকর, খাবার প্রদান করে যা সদস্যরা একত্রে উপভোগ করতে পারবে।
- ক্লাস এবং কর্মকাণ্ড; শিল্প ও চারুকলা, সঙ্গীত, প্রযুক্তি এবং বিনোদনমূলক দিবাযাত্রা।
- ফিটনেস এবং স্বাস্থ্যের প্রচার: হাঁটার ক্লাব, চেয়ারে বসে ব্যায়াম, টাই চি, স্ব ব্যবস্থাপনা এবং পতন প্রতিরোধের কর্মশালা।
- স্বাস্থ্য বেনিফিট এবং অধিকার, পরিবহন সেবা এবং অন্যান্য কর্মসূচির সুযোগ পাওয়ার জন্য সংস্থানের সাথে সংযুক্ত করে দেওয়া।

## বাড়ি-ভিত্তিক সেবাসমূহ

আপনার যদি নিজের যত্ন নিতে সহায়তা প্রয়োজন হয়, বা আপনি যদি এমন কাউকে চিনেন, তাহলে একজন প্রশিক্ষিত কেস ব্যবস্থাপক আপনার বাড়ি পরিদর্শন করতে আসবে এবং আপনার সম্প্রদায়ে টিকে থাকার ব্যাপারে সাহায্য করতে আপনার কোন সেবা প্রয়োজন তা নির্ণয় করবে। তারা যথাযথ সেবা পাওয়ার সুযোগ পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:



- NYC এজিংয়ের হোম কেয়ার সেবা (মেডিকেইড (Medicaid) প্রাপকেরা এই সেবার জন্য অযোগ্য এবং তাদেরকে মেডিকেইড হোম কেয়ারের (Medicaid Home Care) জন্য আবেদন করতে হবে):
    - ব্যক্তিগত কেয়ার সেবা
    - হাউজকিপিং
- বেনিফিট এবং অধিকার পর্যালোচনা এবং সেগুলির জন্য আবেদন করতে সহায়তা।
- NYC এজিংয়ের বাড়িতে পৌঁছে দেওয়ার খাবার বা অন্য অলাভজনক খাবারের কর্মসূচি।
- NYC এজিংয়ের বন্ধুসুলভ বেড়ানোর কর্মসূচি।
- দীর্ঘমেয়াদি কেয়ারের বিকল্প পর্যালোচনা।

## কেয়ারগিভারদের সমর্থন

কারো যত্ন করা চাপের কাজ হতে পারে এবং আপনি যে একজন কেয়ারগিভার তার স্বীকৃতি হলো সাহায্য পাওয়ার প্রথম ধাপ। আপনি যদি 60 বছর বা তার বেশি বয়সের কারো, বা অ্যালঝেইমার্স ব্যাধি বা অন্য ডিমেনশিয়া, বা একটি দীর্ঘমেয়াদি রোগসহ কারো যত্ন করে থাকেন, তাহলে NYC এজিং আপনাকে সমর্থন সেবার সাথে সংযুক্ত করে দিতে পারে। এছাড়াও আপনি যদি 55 বা তার বেশি বয়সের কোনো আত্মীয়ের কেয়ারগিভার হন, বা 18 বছরের কম বয়সী একটি শিশুর দেখাশোনা করেন বা অক্ষম একজন প্রাপ্তবয়স্কের দেখাশোনা করতে থাকা 55 বা বেশি বয়সের হন। NYC এজিং 12টি সম্প্রদায়ভিত্তিক কেয়ারগিভার কর্মসূচির অর্থায়ন করে যা প্রদান করতে পারে:



- তথ্য ও রেফারেল।
- দীর্ঘমেয়াদি যত্নের পরিকল্পনা।
- সমর্থন গোষ্ঠী।
- কাউন্সেলিং এবং প্রশিক্ষণ।
- রেস্পাইট কেয়ার।
- কিছু কিছু সহায়ক যন্ত্র (মেডিকেল সতর্কতা সিস্টেম, সীমিত বাড়ির মেরামত, এবং কেয়ারগিভিং সরঞ্জাম) এর জন আর্থিক সহায়তা।

## প্রাকৃতিকভাবে সৃষ্ট অবসর সম্প্রদায় (NORC)



একটি প্রাকৃতিকভাবে সৃষ্ট অবসর সম্প্রদায় (Naturally Occurring Retirement Communities, NORC) হলো একটি বহু বয়সের হাউজিং ডেভেলপমেন্ট বা এলাকা যা প্রথমে বয়স্কদের জন্য নির্মিত হয়নি, কিন্তু এখন সেখানে উল্লেখজনক সংখ্যক বয়স্ক মানুষ বসবাস করে। পুরো সিটিতে সমর্থক সেবা ও কর্মসূচিসহ 36টি NYC এজিং সংশ্লিষ্ট NORC রয়েছে যারা বাসিন্দাদের কেস ব্যবস্থাপনা, কেস সহায়তা, স্বাস্থ্যসেবা সহায়তা এবং স্বাস্থ্যের প্রচার প্রদান করে।

## বন্ধুসুলভ বেড়ানোর কর্মসূচি

NYC এজিংয়ের বন্ধুসুলভ বেড়ানোর কর্মসূচির (Friendly Visiting Program) উদ্দেশ্য হলো শহরের বয়স্ক জনগোষ্ঠীদেরকে নতুন বন্ধু তৈরি এবং নতুন সামাজিক সংযোগ তৈরির সুযোগ প্রদান করার মাধ্যমে তাদের মধ্যে সামাজিক বিচ্ছিন্নতা হ্রাস করা। সাপ্তাহিক ভিত্তিতে সংযুক্ত হওয়ার জন্য বয়স্ক ব্যক্তিদেরকে একজন স্ক্রিন করা এবং প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক এবং/অথবা একটি পিয়ার গ্রুপের সাথে মিলিয়ে দেওয়া হয়। তারা একাধিক উপায়ে সংযোগ রাখতে পারবে যেমন বাড়িতে গিয়ে বেড়ানো, ফোন কল বা বন্ধুত্ব করার একটি ভার্চুয়াল কর্মসূচি।



## স্বাস্থ্য বীমা তথ্য, কাউন্সেলিং, এবং সহায়তা কর্মসূচি (HIICAP)

স্বাস্থ্য বীমা তথ্য, কাউন্সেলিং, এবং সহায়তা কর্মসূচি (Health Insurance Information, Counseling, and Assistance Program, HIICAP) বয়স্ক নিউ ইয়র্কবাসীকে তাদের স্বাস্থ্য বীমা সম্পর্কিত প্রশ্ন নিয়ে সমর্থন করে। কোন পরিকল্পনাটি তাদের জন্য সঠিক তা বের করা, এবং তার জন্য সাইন আপ করতে সহায়তা করার জন্য প্রশিক্ষিত প্রতিনিধিগণ বাসিন্দাদের সাথে মেডিকেয়ার নীতিমালা পর্যালোচনা করতে পারে। এলাকার কিছু প্রতিনিধিগণ মেডিকেয়ার পার্ট A এবং B পরিকল্পনা; মেডিকেয়ার পার্ট D ওষুধ প্রেসক্রিপশন পরিকল্পনা; মেডিকেয়ার সাশ্রয় কর্মসূচি (Medicare Savings Program) এবং অবসরপ্রাপ্তদের জন্য মেডিকেয়ার কীভাবে কাজ করে সেই ব্যাপারে সাহায্য করতে পারে।



## পরিবহন

NYC এজিংয়ের মাধ্যমে, বয়স্ক বাসিন্দাদেরকে সম্প্রদায়ভিত্তিক সংগঠনের মাধ্যমে ব্যক্তিগত এবং গোষ্ঠীগত পরিবহন সেবা প্রদান করা হয়। 60 বছর বা তার বেশি বয়সীদের জন্য, এবং যারা গণপরিবহন ব্যবহার করার সুযোগ পায় না বা ব্যবহার করতে পারে না তাদের জন্য, অত্যাবশ্যকীয় মেডিকেল এবং সামাজিক সেবা অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে এই সেবা উপলভ্য। এছাড়াও বয়স্ক ব্যক্তি কেন্দ্রসমূহ কেনাকাটা এবং বিনোদনমূলক কর্মকাণ্ডের মতো কাজের জন্য গোষ্ঠীগত পরিবহন প্রদান করে।



## মানসিক স্বাস্থ্য সেবাসমূহ

NYC এজিংয়ের জেরিয়াট্রিক মানসিক স্বাস্থ্য কর্মসূচি (Geriatric Mental Health Program) লাইসেন্সধারী মানসিক স্বাস্থ্য ক্লিনিশিয়ানদের প্রত্যেক বরোর বয়স্ক ব্যক্তিদের কেন্দ্রে স্থাপন করবে। সেবার মধ্যে থাকবে মানসিক স্বাস্থ্য চাহিদা নির্ণয় করার জন্য স্ক্রিনিং, থেরাপিউটিক কাউন্সেলিং, এবং বয়স্ক নিউ ইয়র্কবাসীদের মধ্যে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত ভুল ধারণা দূর করতে কর্মকাণ্ডে জড়িত হওয়া। এই সেবা পাওয়ার জন্য আপনাকে কোনো বয়স্ক ব্যক্তি কেন্দ্রের সদস্য হতে হবে না। গ্রাহকের পছন্দ অনুযায়ী এই সেবা স্বশরীরে, ভার্চুয়ালি বা টেলিফোনের মাধ্যমে, বিভিন্ন ব্যাকগ্রাউন্ড ও সংস্কৃতির বাসিন্দাদের সুবিধার জন্য একাধিক ভাষায় প্রদান করা হয়।



## বয়স্কদের জন্য ন্যায়বিচার

NYC এজিংয়ের বয়স্ক অপরাধ ভিকটিম সংস্থান কেন্দ্রটি (Elderly Crime Victims Resource Center) আগন্তুক কর্তৃক করা অপরাধের ভিকটিমদের প্রত্যক্ষ সেবা প্রদান করে যার মধ্যে বাড়িতে অনুপ্রবেশ, ডাকাতি, আক্রমণ, প্রতারণা, এবং জালিয়াতি রয়েছে। এছাড়াও সম্প্রদায় ভিত্তিক একাধিক বয়স্ক অত্যাচার কর্মসূচি (Elder Abuse Programs) রয়েছে যা নিজেদের পরিচিত বা বিশ্বস্ত কোনো ব্যক্তির হাতে শারীরিক, আবেগিক, যৌন বা আর্থিক অত্যাচারের শিকার হয় বয়স্ক ব্যক্তিদের জন্য কাউন্সেলিং এবং সমর্থন প্রদান করে।

## বয়স্ক ব্যক্তিদের চাকরির সেবা

কর্মক্ষেত্রে অবদান রাখতে আগ্রহী বেকার বা সামর্থ্যের থেকে কম কাজ করা বয়স্ক বাসিন্দাদের জন্য বয়স্ক ব্যক্তিদের চাকরির সেবা ইউনিটে (Older Adult Employment Services Unit) অনন্য কর্মসূচি রয়েছে। একটি ক্যারিয়ার বদলের ইচ্ছুক হওয়া বা খণ্ডকালীন কাজ অব্যাহত রাখতে চাওয়া উভয় ক্ষেত্রে আপনার লক্ষ্য অর্জনে সাহায্য করার জন্য NYC এজিংয়ের প্রশিক্ষণ এবং সমর্থন উপলভ্য রয়েছে।

## স্বেচ্ছাসেবী কাজের সুযোগ

নিজেদের সম্প্রদায়ে সেবা প্রদান করতে চায় এমন ব্যক্তিদের জন্য NYC এজিংয়ের স্বেচ্ছাসেবক কর্মসূচিতে (Volunteer Program) এজেন্সি কর্মসূচি এবং পুরো সিটিতে একাধিক সম্প্রদায়ের অংশীদার রয়েছে। খাদ্য প্যান্ট্রি থেকে শুরু করে সংস্থান মেলা, তরুণদের মেন্টরিং পর্যন্ত, স্বেচ্ছাসেবকদের এমন সুযোগের সাথে সংযুক্ত করে দেওয়া হবে যা আনন্দের,অর্থপূর্ণ, এবং চিত্তাকর্ষক হবে।

## নিউ ইয়র্ক সিটিতে NY কানেক্টস

NY কানেক্টস (NY Connects) হলো একাধিক সরকারি এবং সম্প্রদায়ভিত্তিক অংশীদারের মধ্যকার একটি অংশীদারিত্ব যা বয়স্ক বাসিন্দাদের স্বাধীন থাকতে সাহায্য করার জন্য বিনামূল্যের, উদ্দেশ্য প্রনোদিত, সার্বিক তথ্য এবং সহায়তা প্রদান করে। প্রত্যেক বরোতে একটি স্থানীয় অফিসের সাথে যোগাযোগ করা যাবে যেখানকার কর্মীরা:

- বেনিফিট এবং সরকারি অধিকারের যোগ্যতা নির্ণয় ও এর জন্য সহায়তা করতে পারবে।
- সেবার রেফারেল এবং সংযোগ প্রদান করতে পারবে।
- ব্যক্তিদের সমর্থন গোষ্ঠীর সাথে সংযুক্ত করে দিতে পারবে, যাদের মধ্যে কেয়ারগিভার থাকবে।

### ▶ সংযুক্ত থাকুন

এজিং বিভাগ অনলাইনে ভিজিট করুন এখানে **nyc.gov/aging** বা সোশ্যাল মিডিয়াতে এখানে:

**@NYCAging**

**212-AGING-NYC** (212-244-6469) নম্বরে ফোন করুন সেবা সম্পর্কে আরো তথ্যের জন্য।

## আইনি সেবা

বেসরকারি প্রতিনিধিত্ব পাওয়ার সুযোগবিহীন বাসিন্দাদেরকে বয়স্কদের জন্য আইনি সহায়তা কর্মসূচি নামক একটি কর্মসূচির অধীনে বিনামূল্যে আইনি সেবা প্রদানের জন্য NYC এজিং স্থানীয় সংগঠনসমূহের সাথে কাজ করে। কর্মসূচিটি পাঁচটি বরোর 60 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের বিনামূল্যে আইনি সেবা প্রদান করে। বাসিন্দারা যেইসব বিষয়ে সমর্থন পেতে পারে তার মধ্যে রয়েছে:

- আবাসন, যেমন বাড়িওয়ালা/ভাড়াটিয়া সমস্যা, ফরক্লোজার, বাড়ি মেরামতে প্রতারণা, ইউটিলিটি বন্ধ করে দেওয়া বা বাড়ির মালিকানা/রিয়েল প্রোপার্টি।
- অভিভাবকত্ব, বা অত্যাচার বা অবহেলার মামলা।
- ভোক্তা সমস্যা যেমন ভোক্তার সাথে প্রতারণা, ক্রেডিট কার্ড প্রতারণা, দেউলিয়া, বা রিভার্স মর্টগেজ।

## NYC এজিংয়ের বাইরের সংস্থান

অ্যাক্সেস NYC (ACCESS NYC) হলো আর্থিক কর্মসূচি এবং আবাসন, খাদ্য, ইত্যাদি সম্পর্কিত বেনিফিটের জন্য সিটির অনলাইন স্ক্রিনিং টুল:

**access.nyc.gov**

## আমাদের সাথে যোগাযোগ করুন

বহু সেবা বিনামূল্যের বা কম খরচের হয়ে থাকে এবং একাধিক ভাষায় উপলভ্য থাকে।

এজিং কানেক্ট হলো সংস্থান, সেবা, এবং স্বেচ্ছাসেবী কাজের সুযোগের জন্য আমাদের সাথে যোগাযোগ করার কেন্দ্র। একজন এজিং বিশেষজ্ঞের সাথে কথা বল **(212) 244-6469** নম্বরে ফোন করুন।

NYC এজিং সেবা বা বয়স্ক ব্যক্তিদের জন্য জরুরি প্রস্তুতি বিষয়ক একটি প্রেজেন্টেশনের জন্য অনুরোধ করতে, **www.nyc.gov/aging/presentation**. এ আমাদেরকে ভিজিট করুন।

**সংযুক্ত হন।**
**সক্রিয় থাকুন।**
**স্বাস্থ্যবান হন।**

**Department for the Aging**